

বুধবার • ২৭ সেপ্টেম্বর ২০২৩ • ১২ আশ্বিন ১৪৩০ • ১১ রবিউল আউয়াল ১৪৪৫ • বর্ষ ৯ সংখ্যা ২২৫

www.gourbangla.com

# গৌড় বাংলা

The Daily Gour Bangla



চাঁপাইনবাবগঞ্জ : ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ - গৌড় বাংলা

## ঈদে মিলাদুন্নবী উদযাপন উপলক্ষে আলোচনা

নিজস্ব প্রতিবেদক

চাঁপাইনবাবগঞ্জে ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে পবিত্র ঈদে মিলাদুন্নবী (স.) উদযাপন উপলক্ষে আলোচনা সভা, দোয়া, মাহফিল অনুষ্ঠিত হয়েছে। এছাড়া বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে ক্বিরাত, আজান, কবিতা আবৃত্তি, হামদ, নাট ও গজল এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। গতকাল মঙ্গলবার জেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রে এসব কর্মসূচির আয়োজন করা হয়।

বিকেলে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশন জেলা কার্যালয়ের উপপরিচালক কৃষিবিদ মাহমুদার রহমান। প্রধান আলোচক হিসেবে হযরত মোহাম্মদ (স.) এর আদর্শ তুলে ধরে আলোচনা করেন চাঁপাইনবাবগঞ্জ কামিল মাদ্রাসার অধ্যক্ষ ড. মোহা. এমরান হোসেন। বিশেষ আলোচক হিসেবে আলোচনা করেন জেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রের পেশ ইমাম মাওলানা মো. মুখতার আলী, সদর উপজেলা

◆ বাকি অংশ ৩য় পৃষ্ঠায়

মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রের পেশ ইমাম মাওলানা মো. মাহবুবুর রহমান। সূচনা বক্তব্য দেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার এ.বি.এম.জি. কিবরিয়া। অনুষ্ঠান সম্বলনা করেন ফিল্ড সুপারভাইজার মো. শরিফুল ইসলাম। বক্তারা হযরত মোহাম্মদ (স.) এর আদর্শ অনুপ্রাণিত হয়ে জীবন গড়ার আহ্বান জানান।

আলোচনা শেষে ক্বিরাত, আজান, কবিতা আবৃত্তি, হামদ, নাট ও গজল এবং রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। শেষে মোনাজাত পরিচালনা করেন মাওলানা মো. মুখতার আলী।